


## গুচ্ছের 'বি' ইউনিটে পরীক্ষার্থী উপস্থিতি হার ৯০ শতাংশ



ছবি: ফাইল

জবি প্রতিবেদক

প্রকাশ: ০৩ মে ২০২৪ | ১৭:৪৭ | আপডেট: ০৩ মে ২০২৪ | ১৮:২২



গুচ্ছভুক্ত ২৪টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য গুচ্ছ পদ্ধতিতে 'বি' ইউনিটের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার দুপুর ১১টা থেকে ১২টা পর্যন্ত একযোগে ২২টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষায় শিক্ষার্থীদের উপস্থিতির হার গড়ে ৯০ শতাংশের কাছাকাছি বলে জানিয়েছেন জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটির আহ্বায়ক ও যবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন।

UNIBOTS



#### Advertisement

তিনি বলেন, সারা দেশে অত্যন্ত সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোনো অঘটন ঘটেনি বা প্রশ্নেও কোনো ত্রুটি পাওয়া যায়নি। কঠোর নিরাপত্তার মধ্য দিয়েই পরীক্ষা শুরুর পূর্বেই সব কেন্দ্র ও উপকেন্দ্রে প্রশ্নপত্র পৌঁছে দেওয়া হয়। সার্বিকভাবে বলা যায়, অত্যন্ত সুন্দর পরিবেশে 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন হয়েছে।

তিনি আরও জানান, আগামী ৭২ ঘণ্টার মধ্যেই 'বি' ইউনিটের ফলাফল ঘোষণা করা হবে। ২৪ বিশ্ববিদ্যালয়ের ভর্তির জন্য ২২টি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার মধ্যে সবগুলোতেই শিক্ষার্থীদের উপস্থিতির হার প্রায় ৯০ শতাংশের উপরে বা কাছাকাছি। তবে সর্বনিম্ন ৭২ দশমিক ৭৮ শতাংশ উপস্থিতির হার ছিল রাজশাহী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কেন্দ্রে। আর যবিপ্রবি কেন্দ্রে শিক্ষার্থীদের উপস্থিতির হার ছিল সর্বোচ্চ ৯৩ দশমিক ৫৯ শতাংশ।

জানা যায়, ২৪টি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য এ বছর 'বি' ইউনিটে ৯৪ হাজার ৯৩১ জন পরীক্ষার্থী আবেদন করেন। বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির জন্য 'বি' ইউনিটভুক্ত শিক্ষার্থীদের জন্য চার হাজার ৫১৫টি আসন রয়েছে।

প্রসঙ্গত, আগামী ১০ মে 'সি' ইউনিটে বাণিজ্য বিভাগ থেকে আবেদনকৃত শিক্ষার্থীদের বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষা-সংক্রান্ত অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর এক ঘণ্টা আগেই সংশ্লিষ্ট কেন্দ্রে পৌঁছানোর নির্দেশনা দেওয়া হয়েছে। ২৪টি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য এবং 'সি' ইউনিটে ৪০ হাজার ১১৬ জন আবেদন করেছেন। আর ২৪ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য 'সি' ইউনিটভুক্ত শিক্ষার্থীদের জন্য তিন হাজার ৬২৯টি আসন রয়েছে। জিএসটিভুক্ত ভর্তি পরীক্ষার আসন বিন্যাস, ফলাফলসহ অন্যান্য সব তথ্য <https://gstadmission.ac.bd> এই ওয়েবসাইটে পাওয়া যাবে।